সংবাদ

19 OCT 2017

জাবিতে ভর্তি জালিয়াতি

# ঢাবি শিক্ষার্থীর ১ বছরের দণ্ড

**প্রতিনিধি, জাবি**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় জালিয়াতির অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক এক শিক্ষার্থীকে ১ বছরের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। মো. মনির হোসেন নামে অভিযুক্ত শিক্ষার্থী ঢাকা বিশ্ববিদ্যায়ের আইন বিভাগের ৩৭তম ব্যাচের শিক্ষার্থী ও সার্জেন্ট জহুরুল হক হলের আবাসিক শিক্ষার্থী ছিলেন।

এ বিষয়ে বিশ্ববিদ্যারয়ের প্রক্টর অধ্যাপক তপন কুমার সাহা বলেন, 'গতকাল আইন অনুষদের ('এফ ইউনিট') ২য় শিফটের পরীক্ষা চলাকালে পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিক্স বিভাগের পরীক্ষার হল থেকে তাকে আটক করা হয়। পরীক্ষার হলে পরিদর্শকরা পরীক্ষার্থীর ছবির সাথে প্রবেশপত্রের ছবির মিল খুঁজে পায়না। এজন্য তাকে আটক করে প্রক্টরিয়াল বডির হাতে তুলে দেন। পরে জিজ্ঞাসাবাদে সে অন্যের হয়ে পরীক্ষা দেয়ার কথা শিকার করলে, ভ্রাম্যমাণ আদালত তাকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড দেন।' জিজ্ঞাসাবাদে মনির স্বীকারোক্তি দেন যে, 'ওমর ফারুক বাবু নামের এক ভর্তিচ্ছুর হয়ে সে পরীক্ষায় অংশগ্রহণ করে। এ জন্য তাকে ওমর ফারুফ এক লক্ষ টাকা দিবে বলে চুক্তিবদ্ধ হয়েছিল। ভ্রাম্যমাণ আদালত পরিচালনাকারী নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সাভারের সহকারী কমিশনার (ভূমি) প্রণব কুমার ঘোষ বলেন, '১৯৮০ এর ৩ (খ) ধারায় সে পাবলিক বিশ্ববিদ্যালয় পরীক্ষার আইন অমান্য করেছে। যার কারণে তাকে ১ বছরের বিনাশ্রম কারাদণ্ড দেয়া হয়েছে।'